অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/30/2021 **গভর্নর ক্যাথি হোচুল**

শীতকালীন আবহাওয়ার মাসগুলিতে নিউ ইয়র্কবাসীদের সহায়তা করার জন্য বাড়িঘর উষ্ণ রাখার জন্য ত্রাণ হিসাবে 373 মিলিয়ন মার্কিন ডলারের ঘোষণা করেছেন

হোম এনার্জি অ্যাসিস্ট্যান্স প্রোগ্রামের জন্য আবেদন করার সুযোগ 1 অক্টোবর থেকে খুলবে

1.6 মিলিয়ন এরও বেশি বাড়ির মালিক ও ভাড়াটে 2020-21 সালে হিটিং এইড পেয়েছেন

গভর্নর ক্যাথি হোচুল আজকে ঘোষণা করেছেন যে বাড়িঘর উষ্ণ রাখার জন্য ত্রাণ হিসাবে নিম্ন থেকে মধ্যম আয়ের নিউ ইয়র্কবাসীদের যাদের আসন্ন শীতকালীন মাসগুলিতে বাড়ি উষ্ণ রাখতে সহায়তার প্রয়োজন তাদের জন্য 373 মিলিয়ন মার্কিন ডলার সহায়তা প্রদান করা হবে। হোম এনার্জি অ্যাসিস্ট্যান্স প্রোগ্রাম (Home Energy Assistance Program) যা HEAP নামেও পরিচিত, এর আবেদন খুলবে 1 অক্টোবর শুক্রবার থেকে, যা স্টেটের অফিস অফ টেম্পোরারি অ্যান্ড ডিজ্যাবিলিটি অ্যাসিস্টেন্স (Office of Temporary and Disability Assistance, OTDA) এর তত্ত্বাবধানে পরিচালিত হয় এবং শীতকালীন মাসগুলিতে বাড়ির মালিক এবং ভাড়াটিয়াদের তাদের হিটিং এর খরচে সহায়তা করার জন্য ফেডারেল তহবিল প্রদান করে।

"অনেক নিউ ইয়র্কবাসীর জন্য, শীতল আবহাওয়া মৌসুমে বাড়ি গরম রাখার খরচ একটি প্রধান খরচ যা তাদের পারিবারিক বাজেটের উপর চাপ ফেলে," **গভর্নর হোচুল বলেন।** শীতকাল ঘনিয়ে আসার সময় হোম এনার্জি অ্যাসিস্ট্যান্স প্রোগ্রাম এই ধরণের ব্যক্তি এবং পরিবারগুলির জন্য একটি স্বাগত ত্রাণ, যা নিশ্চিত করে যে সামনের হিমশীতল মাসগুলিতে তারা তাদের বাড়ি উষ্ণ রাখতে পারবে।"

যোগ্য বাড়ির মালিক ও ভাড়াটেগণ আয়, পরিবারের আকার ও কিভাবে তাদের বাড়ি গরম করে তার উপর নির্ভর করে হিটিং সহায়তা বাবদ 751 মার্কিন ডলার পর্যন্ত সাহায্য পেতে পারেন। চারজনের একটি পরিবার যাদের সর্বোচ্চ মাসিক আয় 5,249 মার্কিন ডলার অথবা মোট বার্ষিক আয় 62,983 মার্কিন ডলার - তারাও সুবিধা পাওয়ার জন্য যোগ্যতা অর্জন করতে পারে, যা গত বছরের সীমা থেকে সামান্য বৃদ্ধি পেয়েছে।

সহায়তার জন্য আবেদন ব্যক্তিগতভাবে বা টেলিফোনের মাধ্যমে স্থানীয় সমাজসেবা বিভাগে গৃহীত হচ্ছে এবং আগে আসলে আগে পাবেন এই ভিত্তিতে তহবিল প্রদান করা হবে। কাউন্টির

ভিত্তিতে স্থানীয় অফিসের এখানেএকটি তালিকা পাওয়া যাবে। নিউ ইয়র্ক সিটির বাইরের বাসিন্দারা নিয়মিত হিটিং সহায়তা সুবিধার জন্য অনলাইনে আবেদন করতে পারেন। নিউ ইয়র্ক সিটির বাসিন্দারা এখানে একটি আবেদন ডাউনলোড করতে পারেন এবং প্রোগ্রামের তথ্য পেতে পারেন।

গত বসন্তে, স্টেটের আইনসভা একটি স্থগিতাদেশ জারি করে যা ইউটিলিটি কোম্পানিগুলোকে সেইসব আবাসিক পরিবারের ইউটিলিটি সংযোগ বিচ্ছিন্ন করতে বাধা দেয় যারা কোভিড-19 মহামারির কারণে তাদের বিলের সাথে সংগ্রাম করছে। এর পরিবর্তে ইউটিলিটি কোম্পানিগুলিকে অবশ্যই এই ব্যক্তিদের যেকোনো অতীত-বকেয়া ব্যালেন্সের উপর একটি স্থগিত পেমেন্ট চুক্তি প্রস্তাব করতে হবে।

আইনটি এই স্থগিতাদেশ নিউ ইয়র্কের জরুরি অবস্থা ঘোষণা যা জুনে শেষ হয়েছে, তার পর থেকে 180 দিনের জন্য বর্ধিত করে। এর মানে হল, ইউটিলিটি কোম্পানিগুলি ডিসেম্বরের শেষ দিক থেকে শুরু করে বিল অনাদায়ে আবাসিক সংযোগ বিচ্ছিন্ন করা শুরু করতে পারে, যার ফলে এই বছরের HEAP সহায়তা আরও বেশি সময়োপযোগী।

এই সময়সীমার পূর্বে, গভর্নর হোচুল হিটিং ইউটিলিটি বকেয়া প্রদান করার জন্য নিম্ন আয়ের পরিবারগুলিকে সহায়তা করতে ফেডারেল তহবিলে 150 মিলিয়ন মার্কিন ডলার উপলভ্য করেন, যদি তারা নিউ ইয়র্কের জরুরি ভাড়া সহায়তা প্রোগ্রামের (New York's Emergency Rental Assistance Program) অধীনে উক্ত সেবার জন্য যোগ্য না হন। এককালীন পেমেন্ট প্রতিটি পরিবারের জন্য 10,000 মার্কিন ডলার পর্যন্ত সকল হিটিং ইউটিলিটি বকেয়া কভার করবে, এবং সহায়তার জন্য আবেদন ব্যক্তিগতভাবে বা টেলিফোনের মাধ্যমে স্থানীয় সমাজসেবা বিভাগে গৃহীত হবে।

"অনেক বেশি নিউ ইয়র্কবাসীর জন্য আসন্ন শীতকালীন মাসগুলি একটি উল্লেখযোগ্য অর্থনৈতিক বোঝা নিয়ে আসবে যেহেতু বাড়িউষ্ণ রাখার খরচ বেশি," **OTDA এর এক্সিকিউটিভ ডেপুটি কমিশনার বারবারা গুইন বলেন।** হোম এনার্জি অ্যাসিস্ট্যান্স প্রোগ্রাম বাড়ির মালিক এবং ভাড়াটিয়াদের উপর থেকে সেই বোঝা কিছুটা কমিয়ে আনতে পারে, এবং তাপমাত্রা কমে যাওয়ার সময়ে টিকে থাকার সুযোগ দিতে পারে।"

গত বছর, HEAP স্টেটের প্রতিটি অংশে নিউ ইয়র্কবাসীদের গুরুত্বপূর্ণ সহায়তা প্রদান করেছে: কাউন্টি অনুযায়ী 2020-21 সালের HEAP সুবিধা প্রাপ্ত পরিবারগুলির তালিকা দেখুন।

নিউ ইয়র্কবাসী যারা এই মৌসুমে HEAP সাহায্য পাচ্ছেন এবং তাদের ইউটিলিটি বিল দিতে পিছিয়ে যাচ্ছেন, বা যাদের হিটিং জ্বালানীর সংকট রয়েছে, তারাও এককালীন জরুরি HEAP সুবিধা পাওয়ার যোগ্যতা অর্জন করতে পারেন। আগামী 3 জানুয়ারি, বৃহস্পতিবার থেকে জরুরি সুবিধার জন্য আবেদন গ্রহণ শুরু হবে।

জরুরি সহায়তার প্রয়োজন আছে এমন যে কেউ তাদের স্থানীয় সমাজসেবা বিভাগের সাথে যোগাযোগ করবেন। এই ফেডারেল অর্থায়নের প্রোগ্রামের জন্য যোগ্যতা অর্জন করতে,

আবেদনকারীদের অবশ্যই HEAP এর যোগ্যতার মানদণ্ড এবং আয় নির্দেশিকা পূরণ করতে হবে,যা পরিবারের আকার অনুসারে পরিবর্তিত হয়।

সহায়তা এখন যোগ্য গৃহমালিকদের সহায়তা করতে উপলভ্য যদি তাদের প্রাথমিক তাপীকরণ সরঞ্জাম অনিরাপদ হয় বা না চলে এবং তাদের ফারনেস বা বয়লার মেরামতের বা প্রতিস্থাপনের প্রয়োজন হয়। HEAP হিটিং ইকুইপমেন্ট রিপেয়ার অ্যান্ড রিপ্লেসমেন্ট প্রোগ্রাম (HEAP Heating Equipment Repair and Replacement) এর মাধ্যমে প্রাপ্ত সহায়তার পরিমাণ অপরিহার্য হিটিং সরঞ্জাম মেরামত বা প্রতিস্থাপন করার প্রকৃত খরচের ভিত্তিতে দেয়া হয় - মেরামতের জন্য 3,000 মার্কিন ডলার এবং প্রতিস্থাপনের জন্য 6,500 মার্কিন ডলার পর্যন্ত।

যোগ্য গৃহমালিকরা তাদের বাড়ির প্রাথমিক তাপীকরণ উৎস সর্বোচ্চ দক্ষতায় রাখার জন্য এখন একটি HEAP হিটিং সরঞ্জাম পরিষ্কার এবং টিউন সুবিধার (HEAP Heating Equipment Clean and Tune) জন্য আবেদন করতে পারবেন। এই সুবিধার আবেদনকারীদের আরও তথ্যের জন্য তাদের স্থানীয় সমাজসেবা বিভাগের সাথে যোগাযোগ করতে হবে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন